

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৭

কৈলাসহর, ৩ জুন, ২০২৪

সাংবাদিক সম্মেলনে উনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক

ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হয়েছে

উনকোটি জেলার কৈলাসহর মহকুমার আর কে আই ইনস্টিটিউশনে আগামীকাল সকাল ৮টা থেকে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট গণনার কাজ শুরু হবে। ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ উনকোটি জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা ডি কে চাকমা এই সংবাদ জানান। মহকুমার আর কে আই ইনস্টিটিউশনে ৫০-পাবিয়াছড়া (এসসি), ৫১-ফটিকরায় (এসসি), ৫২-চন্ডীপুর ও ৫৩-কৈলাসহর বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে। সাংবাদিক সম্মেলনে ডিএসপি হোমগ্নি ভট্টাচার্য এবং জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*